# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

**৬৯তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১২ জুলাই ২০১৩ ইং।**

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৩ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১ ঃ* গত ১২ জুন ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৬৮তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়।<br><br>কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং মেজর মোঃ সিরাজুল আরেফিন (অবঃ) তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২ ঃ* বর্তমানে Organgram টি ২০০৭ সালের এপ্রিল মাসে প্রনয়ণ করা হয় যখন ক্যান্টনমেন্ট বোর্ড হতে গার্বেজ সংগ্রহকারী, মালী ও ঝাড়ুদার নিয়োগকৃত ছিল যা ইতিমধ্যেই প্রত্যাহার করা হয়েছে। কনভেনশন সেন্টার পরিচালনার জন্য ও নিরাপত্তা জোরদার করার জন্য আরও জনবল বৃদ্ধির প্রয়োজন অনুভূত হওয়ায় পূর্বের Organgram এর সাথে সঙ্গতি রেখে ১টি সংশোধিত Organgram নিবার্হী কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপিত হলে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৩ ঃ* সেনাসদর, কিউএমজির শাখার কনফারেন্সরুমে অনুষ্ঠিত ০৮ জুলাই ২০১৩ এর সভার ডিওএইচএস এর নাগরিক সুবিধাদি বৃদ্ধির বিভিন্ন বিষয় নিয়ে যে আলোচনা হয় তাহা সভাপতি মহোদয় ইসি সদস্যদের অবহিত করেন। | সভাপতি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৪ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় ১১ জুলাই ২০১৩ তারিখ রাত ১২টার সময় ডিওএইচএস এর ১০ নম্বর সড়কের ৫২১ নং বাড়ীর সম্মুখ হতে রেডিয়্যান্ট গ্রুপের ১টি গাড়ী ছিনতাই এর চেষ্টা করা হয়। কর্তব্যরত নিরাপত্তা প্রহরীদের সতর্কতা ও দ্রুত ব্যবস্থা গ্রহণের ফলে পুলিশের সহায়তায় বারিধারার নিকটবর্তী স্থান থেকে গাড়ীটি উদ্ধার করা হয় এবং ছিনতাইকারীকে আটক করে সেনানিবাস থানা পুলিশের নিকট সোপর্দ করা হয়। সুপারভাইজার ও গার্ডদের সময়চিত ও সাহসী পদক্ষেপ গ্রহনের জন্য ৩ জনকে ৫০০ টাকা করে এবং বাকীদের ২৫০ টাকা করে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী<br>মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী সিদ্ধান্ত - ৫ ঃ* বারিধারা ডিওএইচএস এ বর্তমানে ফ্ল্যাট সংখ্যা প্রায় ৩৩০০ এবং প্লট সংখ্যা- ৫৬৭। প্রতিদিন যে পরিমান বর্জ্য গার্বেজ পয়েন্টে জমা হয় তা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০১ দিনের মধ্যে অপসারণ করা সম্ভব হয় না। পরিষদ কর্তৃক সিইও এর সাথে যোগাযোগ করে ও তার অফিস যেয়ে আলোচনা করার পরও সমস্যা থেকে সম্পূর্ণভাবে পরিত্রান পাওয়া যাচ্ছেনা। ক্যান্টনমেন্ট বোর্ড এর চালক ও শ্রমিকদের চা নাস্তা বাবদ কিছু টাকা প্রদান করে বাড়তি ট্রিপের ব্যবস্থা করা যায়। বিষয়টি নিয়ে সভার আলোচনা হয় এবং প্রতিদিন অতিরিক্ত ট্রিপের নিশ্চয়তা সাপেক্ষে সর্বমোট ৫০০ টাকা করে ১দিনের জন্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী/<br>মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৬ ঃ* সুপারভাইজারের ঘাটতি পূরণের জন্য নিম্ন বর্ণিত গার্ডসমূহকে সুপারভাইজার পদে পদোন্নতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকরী হবে ঃ<br><br>ক। গার্ড মোঃ আব্দুল খালেক<br>খ। গার্ড মোঃ শহিদুল ইসলাম | মেম্বার সিকিঃ<br>এন্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৭ ঃ* পার্ক এলাকায় উন্নতমানের স্টেনলেস স্টীলের ১৩টি বেঞ্চ স্থাপন করা হয়েছে। পুরাতন মডেলের ৪টি বেঞ্চ নতুন মডেলের বেঞ্চ দ্বারা প্রতিস্থাপনের ব্যাপারে আলোচনা হয় এবং সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। পুরাতন বেঞ্চ গুলিকে বাস্কেট বল গ্রাউন্ডের দক্ষিন পাশে স্থাপন করতে হবে। | সভাপতি<br>মেম্বার সি<br>এন্ড এ্যা |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৮ ঃ* মসজিদের লোকেশনটি সিএসডি, খেলার মাঠ, ইমামের বাসস্থান ও পার্ক এলাকা সংলগ্ন হওয়ায় বিভিন্ন এলাকা হতে আগত তাবলিগ জামাতের অনুসারীগনের চলাচল দৃশ্যমান হয় বিধায় তাবলিগ জামাতের কর্মকান্ড সীমিত আকারে মসজিদ কেন্দ্রিক রাখার ব্যাপারে বিস্তারিত আলোচনার পর সকলে একমত পোষন করেন। ডিওএইচএস এলাকায় আগত জামাতের বিষয়টি ইসির সংশ্লিষ্ট সদস্যকে অবহিত করার বিষয়টিও আলোচনার স্থান পায়। | কনভেনার<br>মসজিদ স<br>কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৯ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদ অফিসের কার্যক্রম অধিকতর গতিশীল করার জন্য একজন অভিজ্ঞ ও দক্ষ অফিস সুপার নিয়োগের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। বর্তমান সুপারের কার্যক্রমের গতি আশানুরুপ না হওয়ায় বর্তমান পদে আরও ৬ মাস বহাল রেখে অব্যাহতি দেয়ার ব্যাপারে সকল সদস্য একমত পোষন করেন (তবে চাকুরী পেলে বা স্বইচ্ছায় নির্ধারিত সময়ের পূর্বেও চলে যেতে পারেন)। অফিস সুপারন্টেডেন্ট সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুস সাত্তার (অবঃ)কে উক্ত সময়ের মধ্যে একটি চাকুরি জোগাড় করার জন্য পরামর্শ দেয়া হলো। | সভাপতি/<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ* মসজিদের বিভিন্ন বিষয়ের উপর আলোচনা হয়। PA eqpt এবং বিদ্যুৎ সরবরাহ নির্বিগ্ন রাখার জন্য সবধরনের ব্যবস্থা গ্রহণের জন্য মসজিদ সাব-কমিটিকে প্রয়োজনীয় সবধরনের কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | কনভেনার<br>মসজিদ স<br>কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ* একটি কার্যপোযোগী ও দর্শনীয় ফিটনেস সেন্টার নির্মাণকার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ১টি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হলো। কমিটি যথাশীঘ্র সম্ভব ১ম সভার আয়োজন করবেন এবং প্রাথমিক সব স্তর সম্পন্ন শেষে ৩ মাসের মধ্যে নির্মান কাজ শুরু করবেন এবং পরবর্তী ৬ মাসের মধ্যে সব ধরনের সুবিধাসম্বলিত একটি ফিটনেস সেন্টার ডিওএইচএস বাসীকে উপহার দেবেন। নিম্ন কমিটি সর্বসম্মত ভাবে উপস্থিত সকল সদস্যদের দ্বারা গঠন করা হলো ঃ<br>ক। সভাপতি ঃ এয়ার কমডোর মোহাম্মদ মুরাদ হোসেন, এনডিসি, এসিএসসি, পিএসসি (অবঃ)<br>খ। সদস্য ঃ<br>১। কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ)<br>২। কর্ণেল এস এম ফয়সাল (অবঃ)<br>৩। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ)<br>৪। গ্রুপ ক্যাপ্টেন মোঃ রফিকুল ইসলাম, পিএসসি (অবঃ)<br>৫। লেঃ কর্ণেল শামীম শাহজাহান চৌধুরী (অবঃ) | সভাপতি/<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১২ ঃ* মহিলাদের জন্য ১টি দর্শনীয় ঘাট পুকুরের উত্তর পাশে স্থাপনের সার্বিক কার্যক্রম গ্রহনের ব্যাপারে নিম্নরূপ ভাবে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রাথমিক সব স্তর সম্পন্ন শেষে ৩ মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু করবেন এবং পরবর্তী ৬ মাসের মধ্যে সব ধরনের সুবিধাসম্বলিত একটি পুকুর ঘাট নির্মাণ সম্পন্ন করবেন।<br>ক। সভাপতি ঃ ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন (অবঃ)<br>খ। সদস্য ঃ<br>১। লেঃ কর্ণেল এএইচএম রুহুল ইসলাম (অবঃ)<br>২। লেঃ কর্ণেল এসকে মোহাম্মদ আব্দুর রশিদ, পিএসসি (অবঃ)<br>৩। জনাব গোলাম মোস্তফা কামাল | সভাপতি/<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৩ ঃ* বারিধারা ডিওএইচএস এর স্কুল গেটে ও অনন্যা গেটে ১টি করে ২টি ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন করা হয়েছে। উক্ত ক্যামেরা ২টি Optimax কর্তৃক বিনামূল্যে প্রদান করা হয়েছে। ডিওএইচএস নির্বাহী কমিটি Optimax এর চেয়ারম্যান মেজর জেনারেল মঞ্জুর আহমেদ (অবঃ)কে এ জন্য ধন্যবাদ জ্ঞাপন করছে। আরও ২টি সিসি ক্যামেরা জেনিয়াল কর্তৃক বারিধারা ডিওএইচএস কে প্রদান করা হবে যার ১টি মসজিদ/পার্ক কমপ্লেক্স এবং অন্যটি ডিওএইচএস এর ইষ্টার্ণ সাইডে স্থাপন করা হবে। সি সি টিভির | কনভেনার<br>টেকনিক<br>সাব কমি |

| | |
|---|---|
| মনিটরের জন্য ১টি Desk top ক্রয়ের জন্য গ্রুপ ক্যাপ্টেন রফিকুল হক, পিএসসি প্রস্তাব করলে সকল সদস্য সম্মতি প্রদান করেন। Flora হতে Desk Top টি ক্রয় করা যেতে পারে। | |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৪ ঃ* জোয়ার সাহারা গেটটি যথেষ্ট মজবুত নহে। বর্তমানে গেটটি সকাল হতে সন্ধা পর্যন্ত খোলা থাকে এবং অনেক ব্যক্তি Entry pass ছাড়া জোর পূর্বক প্রবেশের চেষ্টা করে। এমতাবস্থায়, বর্তমানে গেটটির অবকাঠামো ঠিক রেখে এটিকে সংস্কারের মাধ্যমে শক্তিশালী করার ব্যাপারে সকল সদস্য একমত হন এবং নিরাপত্তা প্রহরীদের জন্য একটি নিরাপত্তা চৌকি স্থাপনের জন্যও অনুমোদন দেয়া হয়। | সভাপতি/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৫ ঃ* বারিধারা ডিওএইচএস এর সড়ক ৮সি এর দক্ষিন পাশের খালি জায়গায় ১ টি শিশুপার্ক নির্মান চলমান আছে। মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন পার্কটিতে সকল ধরনের সুবিধা সংযোজনসহ শিশুদের খেলার সামগ্রী স্থাপন করার কার্যক্রম গ্রহণ করবেন এবং রক্ষনাবেক্ষণ করবেন। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৬ ঃ* কনভেনশন সেন্টারের লেভেল- ৩ তে জিম ও ক্যাফেটারিয়ার জন্য ভাড়া দেওয়ার অভিপ্রায়ে পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করা হলে কোন দরপত্র জমা পড়েনি। সভায় আলোচনা শেষে জিম ও ক্যাফেটারিয়ার জন্য পুনরায় দরপত্র আহ্বান ও SMS এর মাধ্যমে ডিওএইচএস এর প্রায় ১০০০ সদস্যকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এর পরেও আশানুরূপ সাড়া না পাওয়া গেলে ডিওএইচএস পরিষদের ব্যবস্থাপনায় ক্যাফেটারিয়া পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হবে। | কনভেনার/ সদস্য কনভেনশন সেন্টার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৭ ঃ* স্কুল গেটে গার্ডরুম নির্মাণের কাজ শুরু হয়েছে এবং সিকিউরিটি ব্যারাকের টয়লেট নির্মাণের জন্য দ্বিতীয় বার দরপত্র আহ্বান করা হয়েছে। স্কুল গেটের সামনের অংশের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। জেনারেটার স্বয়ংক্রিয় করার ব্যাপারে এবং মসজিদের পিছনের দেয়াল নির্মাণের ব্যয় নিয়ে আলোচনা হয়। নির্মাণ ব্যয় অত্যাধিক হয়েছে বলে ১ জন উপস্থিত সদস্য এবং একজন অনুপস্থিত সদস্য মতামত ব্যক্ত করেন। সব ধরনের নিয়ম ও নির্মাণ পদ্ধতি অনুসরণ করেই যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে। নির্মাণের মান ও ব্যয় যথাযথ হয়েছে বলে ডেভেলপমেন্ট কমিটির কনভেনার মতামত প্রদান করেন এবং যথাশীঘ্র সম্ভব আরও ৪/৫ টি স্টেনলেছ স্টীলের বেঞ্চের নির্মাণ কাজ শুরু করার জন্য মতামত ব্যক্ত করেন। যাহোক, সঠিক ব্যয়ের বিষয়টিও বিবেচনায় রেখে ডিওএইচএস এর বাসিন্দাদের নিরাপত্তা ও নাগরিক সুবিধা বৃদ্ধির বিষয়টি সব সময় প্রাধন্য পাবে। | সেক্রেটারী/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় ( Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসি মিটিং এ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। প্রায় সকল ব্যয় ইসি এর আর্থিক ক্ষমতার অধিক বিধায় এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ 16 জুলাই ২০১৩

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ 16 জুলাই ২০১৩

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য